ক্রোড়পত্র 'ক'
বিমান সদর, সরবরাহ পরিদপ্তর
পত্র নং ০৬.০৩.২৬০০.০৩০.৪১.০৩৭.২৫.০০১(রেশন)/২২ক
তারিখ ঃ ৩০ জানুয়ারি ২০২৫

**সয়াবিন ভোজ্য তেলের কারিগরি বিবরণ ও শর্তাবলী ঃ**

১। **বিনির্দেশ:** সয়াবিন ভোজ্য তেল সরবরাহ।

২। **দ্রব্যের নাম:** কারিগরি বিনির্দেশ অনুযায়ী সয়াবিন ভোজ্য তেল ফুড গ্রেডেড প্লাস্টিক বোতলে ০৯ টি ঘাঁটি/ ইউনিটে সরবরাহ।

৩। **পরিমাণ:** ৭০০.০০০ মে: টন **(জুলাই ২৫ হতে ডিসেম্বর ২৫ পর্যন্ত)** নিম্নোক্ত বর্ণনা মোতাবেক মাস ভিত্তিক সরবরাহ। পরবর্তীতে কম/বেশী হতে পারে।

| ক্র: নং | সরবরাহের স্থান | চাহিদার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ক। | বি বা ঘাঁটি বাশার, ঢাকা | মাসিক চাহিদার ভিত্তিতে | |
| খ। | বি বা ঘাঁটি কুর্মিটোলা, ঢাকা | মাসিক চাহিদার ভিত্তিতে | |
| গ। | বি বা ঘাঁটি মতিউর, যশোর | মাসিক চাহিদার ভিত্তিতে | |
| ঘ। | বি বা ঘাঁটি জহুর, চট্টগ্রাম | মাসিক চাহিদার ভিত্তিতে | |
| ঙ। | বি বা ঘাঁটি এসএমডি, টাঙ্গাইল | মাসিক চাহিদার ভিত্তিতে | |
| চ। | বি বা ঘাঁটি কক্সবাজার | মাসিক চাহিদার ভিত্তিতে | |
| ছ। | বি বা স্টেশন শমসেরনগর, মৌলভীবাজার | মাসিক চাহিদার ভিত্তিতে | |
| জ। | বি বা র‍্যাডার ইউনিট বগুড়া | মাসিক চাহিদার ভিত্তিতে | |
| ঝ। | সি এন্ড এম ইউনিট লালমনিরহাট | মাসিক চাহিদার ভিত্তিতে | |

**উপরে উল্লেখিত ৯টি ঘাঁটি/ইউনিটের চাহিদা অনুযায়ী পরবর্তী মাসের সয়াবিন তেল পূর্ববর্তী মাসের ২০-২৫ তারিখের মধ্যে বিমান সদর কর্তৃক নমুনা অনুমোদন স্বাপেক্ষে সরবরাহ করতে হবে।**

৪। ক। কারিগরি বিনির্দেশ নিম্নরূপ:

| Standard Specification of Soybean Oil | |
|---|---|
| Testing parameter | Specification |
| Appearance | Liquid and yellowish to light golden yellow color. |
| Color in a 1 inch cell on the lovibond scale expressed as Y+5R, not deeper than. | 7.5 |
| Refractive Index at 40$^0$C | 1.4650 to 1.4710 |
| Relative density 20$^0$/20$^0$C | 0.919 – 0.925 |
| Saponification value (as KOH), mg/g | 189 - 195 |
| Iodine Value | 124 - 139 |
| Acid value of Fat (as KOH), mg/g | Max 0.5 |
| Unsaponiable matter, % by mass | Max 1.5 |
| Peroxide value | Max 5.0 |
| Flash Point, Pensky –Martin (closed) $^0$C | Min 250 |
| Phosphorus Content | No visible break on heating the oil at 250$^0$C |
| Vitamin A, mg/kg | 15 - 30 |
| Lead (as Pb), ppm | Max 0.1 |
| Arsenic (as As), ppm | Max 0.1 |
| Cadmium (as Cd), ppm | Max 1.0 |
| Mercury (Total), ppm | Max 0.25 |
| Iron (as Fe), ppm | Max 1.5 |
| Copper (as Cu), ppm | Max 0.1 |
| Others | Free from any types of extraneous matter, oxidized and burnt flavor. |

Packaging Information:

| | |
|---|---|
| Packaging | Primary packaging in food grade PET jar with security sealing in cap. |
| | Secondary Packaging in 5 ply corrugated cartons. |

খ। অন্যান্য বিনির্দেশঃ

a. Supplied Soyabean Oil must be fit for human consumption while used indifferent types of cooking.

b. Oil should be pure & refined product of one variety only and shall not be mixed with or adulterated by any other oil.

c. The oil shall be liquid and yellowish to light golden yellow color clear, bright in colour and shall be free from sediment. It shall have pleasant taste and smell and shall be free from impurities or injurious substances.

d. The oil shall be fresh, recently manufactured and free from rancidity. The oil shall be obtained from clean and sound soyabean seed.

e. The oil should be Vitamin A fortified as mentioned in tech specification.

f. All information written on the label of bottle are to be in English or Bengali as per guidance of Air Headquarter.

৫। অত্যাবশ্যকীয়/গ্রহণযোগ্য প্রস্তুতকারক দেশঃ Brazil/Argentina/India or any other country which is to be mentioned by the bidders.

৬। সরবরাহ তফসিলঃ চাহিদা প্রেরণের ১৫ দিনের মধ্যে দ্রব্য সরবরাহ করতে হবে।

৭। প্যাকিং :

ক। অবশ্যই স্টেরিলাইজড্ ফুড গ্রেড কোয়ালিটির বোতল হতে হবে।

খ। সয়াবিন তেল অবশ্যই ম্যানুফ্যাকচারিং কোম্পানিতে অটোমেটেড মেশিনে ২.৫৮৫ কেজি ৬০%, ১.২৯২ কেজি ৩০% ও ০.৬৪৬ কেজি ১০% (পরবর্তীতে কম/বেশি হতে পারে) হারে বোতলজাত করতে হবে। সয়াবিন তেল কোন ভাবেই হাতে ম্যানুয়াল সিস্টেম এ ফিলিং করা যাবে না।

গ। মুখবন্ধ বোতলজাত সয়াবিন তেল অবশ্যই পেপার কার্টুন বক্সে করে সরবরাহ করতে হবে। প্রতি কার্টুনে বোতলের সংখ্যা এবং প্রতি বোতলের তেলের পরিমান উল্লেখ থাকতে হবে।

ঘ। প্রতিটি কার্টুন ও বোতলে অবশ্যই নিম্নলিখিত তথ্যাবলি উল্লেখ থাকতে হবে

১। পণ্যের নাম
২। ব্র্যান্ড নাম
৩। উৎপাদনের তারিখ
৪। মেয়াদ উত্তীর্ণের তারিখ
৫। প্রকৃত ওজন ও কেজি
৬। উৎপাদনকারী কোম্পানীর নাম ও ঠিকানা
৭। "বিক্রয়যোগ্য নহে"
"বাংলাদেশ বিমান বাহিনীর জন্য বিশেষভাবে প্রস্তুতকৃত" প্যাকেটের গায়ে স্পষ্টতঃ উল্লেখ থাকতে হবে।

৮। পণ্যের মেয়াদঃ বিমান বাহিনীতে গ্রহণের তারিখ থেকে ১২ মাস মেয়াদ থাকতে হবে।

৯। পরিদর্শন ও মান নিয়ন্ত্রনঃ কর্তৃপক্ষ চাইলে দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠান পরিদর্শন করতে পারবে। পরিদর্শন করতঃ প্রতিষ্ঠানের সক্ষমতার উপর ভিত্তি করে সিদ্ধান্ত গ্রহণ করবেন। বাংলাদেশ বিমান বাহিনী গোডাউনে দ্রব্য সরবরাহের পর প্রয়োজনে ল্যাব পরীক্ষার পর বিমান সদরের অনুমোদন স্বাপেক্ষে ছাড়পত্র দেওয়া হবে। বিমান বাহিনীর জন্য বাল্ক পরিমাণ সয়াবিন তেল আমদানী করতঃ সরবরাহকারীর গুদামে মজুদ রাখতে হবে। যা পরবর্তীতে মাসিক চাহিদার ভিত্তিতে কার্যাদেশ প্রাপ্তির পর প্রতি মাসে সরবরাহ করতে হবে।

১০। পণ্যের দায়ভারঃ সরবরাহকৃত সয়াবিন ভোজ্য তেল গুন/মান এবং বোতলে কোন ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারী নিজ দায়িত্বে সকল স্থানে সর্বোচ্চ ০৫ দিনের মধ্যে পরিবর্তন করে সরবরাহ করতে বাধ্য থাকবে।

১১। সরবরাহকৃত সয়াবিন ভোজ্য তেল বিমান সদরের অনুমোদিত নমুনা ও কারিগরি বিনির্দেশ অনুযায়ী সরবরাহ করতে হবে। অন্যথায় চুক্তি বাতিল, দ্রব্যাদি বাজেয়াপ্ত করা সহ সরবরাহকৃত দ্রব্যের বিল পরিশোধ না করা সহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। LD / জামানত বাজেয়াপ্তকরণঃ ডিজিডিপির প্রচলিত নিয়মে।

১৩। মূল্য ঘোষনাঃ প্রতি কেজি দর-টাকা (বাংলাদেশী মুদ্রা)।

১৪। **নমুনা ও নথিপত্রাদি দাখিলকরণঃ** টেন্ডারে অংশগ্রহণকরী সকল সরবরাহকারীগণকে অবশ্যই উপরোল্লিখিত বর্ণনার প্রতিটি নথিপত্রাদি এবং ৫০০ গ্রাম ওজনের ০৪ বোতল নমুনা সয়াবিন ভোজ্য তেল দরপত্রের সাথে দাখিল করতে হবে। নমুনা ল্যাব পরীক্ষায় সন্তোষজনক প্রতিবেদনের পর অন্যান্য শর্ত পূরণ স্বাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরবরাহকারী নির্বাচিত করা হবে।

১৫। দরপত্রের সহিত দাখিলকৃত নমুনার কারিগরি বিনির্দেশসহ নিজস্ব ল্যাব পরীক্ষার প্রতিবেদন সংযুক্ত করতে হবে।

১৬। **বিল প্রদানঃ** চুক্তিপত্র সম্পাদনের পর সংশ্লিষ্ট সরবরাহকারী কর্তৃক সয়াবিন ভোজ্য তেল নিজস্ব ব্যবস্থাপনায় নির্দিষ্ট স্থানে পৌছানোর পর ডেলিভারি রিসিপ্ট (ডিআর) ও সন্তোষজনক প্রাপ্তি স্বীকারপত্রের মূল কপি বিমান সদরে প্রেরণ করতে হবে। মাসিক ভিত্তিতে ২০১ এমইউ বি বা কর্তৃক সিআরভি এর কার্যক্রম সম্পন্ন হওয়ার পর ডিজিডিপির প্রচলিত নিয়ম অনুযায়ী বিল পরিশোধিত হবে।

১৭। আমদানির ক্ষেত্রে বাংলাদেশ বিমান বাহিনীকে consignee করতে হবে। সরকারি আদেশ মোতাবেক Memo No. 9(41) NBR/Cus-IV/72/246 Dated, Dhaka the 10th April, 1981 আমদানি শুল্ক আওতামুক্ত। এক্ষেত্রে সয়াবিন তেল সর্বোচ্চ ০২ লটে আমাদানী করা যাবে। দরপত্রে সরবরাহকারী কর্তৃক কয় লটে আমদানী করতে চায় তা সুস্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে। আমদানীকৃত সয়াবিন তেল সরবরাহকারী নিজস্ব গুদামে মজুদজাত করতে হবে এবং কর্তৃপক্ষ যে কোন সময়ে উক্ত মজুদ স্টোর পরিদর্শন করতে পারবে। পরিদর্শনকালে কোনো সমস্যা চিহ্নিত হলে সম্পূর্ণ লট বাতিল হতে পারে। এক্ষেত্রে বিমান সদর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

১৮। টেন্ডার অফার সমূহ বিবেচনার ক্ষেত্রে শুধুমাত্র সর্বনিম্ন দরদাতাই পারচেজ অর্ডার পাবেন তা নিশ্চিত হবার অবকাশ নেই। সরবরাহকৃত নমুনা দরপত্রে উল্লেখিত স্পেসিফিকেশন অনুযায়ী হওয়ার পরও (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদত্ত নমুনায় দ্রব্যের গুনাগুন (বর্ণ, গন্ধ, আকৃতি, স্বাদ) এবং প্রয়োজনে ফ্যাক্টরী পরিদর্শন রিপোর্টের ভিত্তিতে তা বিমান সদর চুড়ান্তভাবে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

১৯। অন্যান্য শর্তাবলী ডিজিডিপির প্রচলিত বিধি মোতাবেক হবে।